দৈনিক ইত্তেফাক

তারিখ ... 13 MAY 1994 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 5 ...

78

# এসএসসি পরীক্ষাঃ ঢাকা বোর্ডে ৯৩ জন বাহিষ্কৃত

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল (বৃহস্পতিবার) ১৯৯৪ সালের এস, এস, সি সাধারণ বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ঢাকা

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

বোর্ডে ৯৩ জন পরীক্ষার্থী বহিস্কৃত হয়। ইহাদের মধ্যে সাধারণ বিজ্ঞানে ২৪জন এবং সমাজ-বিজ্ঞানে ৬৯ জন রহিয়াছে। কুমিল্লা বোর্ড জানায় চট্টগ্রাম জেলায় ১৭ জন কুমিল্লা জেলায় ১৩ জন, চাঁদপুর জেলায় ১৬ জন সিলেট জেলায় ৩ জন, পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।

রাজশাহী বোর্ডে রংপুর জেলা স্কুল কেন্দ্রে বিজ্ঞান প্রথম পত্রের সহিত বিজ্ঞান দ্বিতীয় পত্রের প্রশ্ন বিলি করা হয়। পরবর্তীতে দ্বিতীয় পত্রের প্রশ্ন উঠাইয়া নেওয়া হইলেও কয়েকটি প্রশ্ন পাওয়া যায় নাই। বিকালে এই প্রশ্নের ফটোকপি চড়া দামে বিক্রয় হয়। উল্লেখ্য, শনিবার বিজ্ঞান দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হইবে। রংপুর জেলায় মোট ৭জন বহিষ্কৃত হইয়াছে।

ইত্তেফাকের সংবাদদাতাগণ জানান রাজবাড়ী, জেলার ২টি কেন্দ্রে ২জন, ফরিদপুর জেলার ২টি কেন্দ্রে ৪ জন, সাতক্ষীরা জেলায় ৮টি কেন্দ্র হইতে ১০ জন বহিষ্কৃত হইয়াছেন।